দৈনিক
জনকণ্ঠ

তারিখ 14 JAN
পৃ: কলাম

# ইস্ট ওয়েস্ট ভার্সিটিতে মানব উন্নয়ন সেমিনার

জাতিসংঘের সংস্থা ইউএনডিপির ২০১৫ সালের মানব উন্নয়ন সূচকের ওপর ভিত্তি করে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের গবেষণা ও প্রশিক্ষণ কেন্দ্র (সিআরটি) মঙ্গলবার এক সেমিনারের আয়োজন করে। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইউএনডিপির মানব উন্নয়ন প্রতিবেদন বিষয়ক কার্যালয়ের পরিচালক ড. সেলিম জাহান। বিশ্ববিদ্যালয়ের গবেষণা ও প্রশিক্ষণ কেন্দ্রের (সিআরটি) চেয়ারপার্সন ও ট্রাস্টি বোর্ডের সদস্য ড. রফিকুল হুদা চৌধুরীর সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপার্সন ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গবর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। বিশেষ অতিথি ছিলেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এম শহিদুল হাসান।-বিজ্ঞপ্তি।